যুগান্তর

তারিখ … 09 SEP 2016 …
পৃষ্ঠা … [illegible] … কলাম … 6

# স্কুল মাঠে নাসিকের ভবন নির্মাণের প্রতিবাদে শিক্ষার্থীদের মানববন্ধন

**নারায়ণগঞ্জ প্রতিনিধি**

শহরের চাষাড়া এলাকায় শিশুকল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের মাঠে ভবন নির্মাণের প্রতিবাদে মানববন্ধন করেছে শিক্ষার্থীরা। বৃহস্পতিবার স্কুলে মাঠ প্রাঙ্গণে এই মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়। স্কুলের মাঠটিতে বহুতল ভবন নির্মাণের উদ্দেশ্যে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ বৃহস্পতিবার সকালে সয়েল টেস্টের কাজ শুরু করলে এর প্রতিবাদে ও মাঠরক্ষার দাবিতে মানববন্ধন করে শিক্ষার্থীরা। এ সময় শিক্ষার্থীদের একাত্মতা প্রকাশ করে উপস্থিত হন শত শত এলাকাবাসী। তারা এ বিষয়ে বৃহত্তর আন্দোলনেরও ঘোষণা দেন। স্থানীয়রা জানান, কয়েক বছর আগেও স্কুলের মাঠটিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ ভবন নির্মাণের উদ্দেশ্যে সয়েল টেস্টের কাজ করার চেষ্টা করলে স্কুলটির শিক্ষার্থী ও এলাকাবাসী কাজে বাধা দেয়। এরপর চাষাড়া শিশুকল্যাণ স্কুল মাঠটি খেলাধুলার জন্য উন্মুক্ত রাখার জন্য মেয়রের কাছে এলাকাবাসী ও শিক্ষার্থীরা একটি স্মারকলিপি দাখিল করে। সেই আবেদনের পর দীর্ঘদিন নাসিকের তৎপরতা বন্ধ থাকলেও বৃহস্পতিবার তারা আবার ওই মাঠটিতে সয়েল টেস্টের কাজ শুরু করে। তবে বিষয়টি নিয়ে কোনো প্রকার মন্তব্য করতে নারাজ সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ। বৃহস্পতিবার ওই এলাকায় সরেজমিন গিয়ে জানা গেছে, ১৯৯০ সালে শহরের চাষাড়া বাগে জান্নাত মহল্লায় স্থাপিত হয় শিশুকল্যাণ প্রাথমিক বিদ্যালয়টি। সেই থেকে স্কুলের মাঠটি হয়ে উঠে ওই এলাকা ও আশপাশের মানুষের জন্য খেলাধুলা করার একমাত্র খোলা জায়গা। সম্প্রতি স্কুলটির নিরাপত্তার স্বার্থে জেলা প্রশাসকের অনুমতি ক্রমে ব্যক্তি সহায়তার মাধ্যমে স্কুলটির জায়গা রক্ষার্থে প্রাচীর নির্মাণ করা হয়েছে। এছাড়া ব্যক্তি সহযোগিতার মাধ্যমে স্কুলটির এক কোণে শহীদ মিনার নির্মাণ কাজ চলমান রয়েছে। এ বিষয়ে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের টাউন প্ল্যানার মঈনুল হক জানান, এ বিষয়ে আমি কিছু বলতে পারব না। আপনি প্রকৌশলী বিভাগের সঙ্গে কথা বলেন। তারাই ভালো বলতে পারবেন। এ বিষয়ে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী আবদুল আজিজ বলেন, এটা প্রশাসনিক বিষয়। এ বিষয়ে আমি কিছু বলতে পারব না। এ বিষয়ে স্কুলটির সভাপতি ও নবাগত নারায়ণগঞ্জ জেলা প্রশাসক রাব্বি মিয়াকে তার মুঠো ফোনে একাধিকবার কল করা হলেও তিনি ফোনটি ধরেননি।